



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স : ০৭৩১-৬৫১৩৪

পাবিত্রবির নবনियুক্ত প্রক্টর ড. প্রীতম কুমার দাস



(০৬/০৫/২০১৮): পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান মেধাবী শিক্ষক বিশিষ্ট গবেষক ড. প্রীতম কুমার দাসকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সম্প্রতি প্রক্টর হিসেবে নিয়োগ দিয়েছেন। পরিছন্ন ভাবমূর্তির আদর্শ শিক্ষক ড. প্রীতম গত ১৭ এপ্রিল থেকে প্রক্টরের দায়িত্ব পালন করছেন।

ড. প্রীতম কুমার দাস জন্মগ্রহণ করেন ১৯৮৬ সালের ৬ আগস্ট পাবনা জেলার সূজানগর উপজেলার কদিমমালধিগতে। তার বাবা নিমাই চন্দ্র দাস, একজন সৎ সরকারী চাকুরীজীবী ছিলেন এবং মাতা ছবি রানী দাস একজন গৃহিনী। ড. প্রীতমের নানা তারাপদ জোয়াদ্দার স্বাধীনতায়ুদ্ধে রাজাকারদের হাতে শহীদ হন। ড. প্রীতম ২০০১ সালে নিশিন্দারা এফ.উ স্কুল ও কলেজ, বগুড়া থেকে প্রথম বিভাগে এসএসসি, ২০০৩ সালে সরকারী আজিজুল হক কলেজ থেকে এইচএসসি, ২০০৮ সালে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগে স্নাতক শ্রেণিতে প্রথম শ্রেণি ষষ্ঠ স্থান অধিকার করেন। ২০০৯ সালে স্নাতকোত্তরে প্রথম শ্রেণিতে প্রথম স্থান লাভ করার কৃতিত্ব অর্জন করেন।

২০১১ সালের ১৭ নভেম্বর চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রভাষক হিসেবে কর্মজীবন শুরু করেন। এরপর ২০১২ সালের ১১ জানুয়ারী পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে প্রভাষক হিসেবে যোগদান করেন। চলতি বছরের ১৫ জানুয়ারী পদার্থ বিজ্ঞান বিভাগের চেয়ারম্যানের দায়িত্ব লাভ করেন।

২০১৪ সালে জাপান সরকারের বৃত্তি নিয়ে জাপান যান। এরপর গত বছরের সেপ্টেম্বর মাসে জাপানের ওকাইয়ামা বিশ্ববিদ্যালয় থেকে ডক্টর অফ ফিলোসফি (পিএইচডি) অর্জন করেন। গত তিন বছর ড. প্রীতম পারমাণবিক পদার্থ বিজ্ঞান ও জ্যোতিঃপদার্থবিজ্ঞান নিয়ে গবেষণা করছেন। তাঁর পিএইচডি গবেষণার তত্ত্বাবধায়ক ড. ম্যাকোতো সাকুদা। এছাড়া রাজশাহী বিশ্ববিদ্যালয়ের এমেরিটাস অধ্যাপক দেশের বিশিষ্ট বিজ্ঞানী অরুণ কুমার বসাকের নেতৃত্বে মাস্টার্সে নিউক্লিয়ার রিসার্চ ল্যাবরেটরিতে দুই বছর থিসিস করেন। ভালো রেজাল্টের জন্য বাংলাদেশ সরকারের বিজ্ঞান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের ফেলোশিপ লাভ করেন ২০১০ সালে। ফিরোজা বৃত্তি লাভ করেন ২০০৯ সালে। একাধিক বিজ্ঞানমূলক প্রকাশনা রয়েছে। বিভিন্ন জার্নালে তাঁর গবেষণা পত্র প্রকাশিত



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স : ০৭৩১-৬৫১৩৪

হয়েছে। তিনি ২০১৫ সালের ২৪-২৭ জুন চীনের বেইজিংএর একটি কনফারেন্সএ যোগদান করেন। এছাড়া জাপানের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সিস্টেমজিয়ামে যোগদান করার অভিজ্ঞতা ড. প্রীতমের রয়েছে। ড. প্রীতম ভালো বিতর্কিক। দক্ষ উপস্থাপক। বাংলা, ইংরেজির পাশাপাশি হিন্দি ও জাপানিজ ভাষায় রয়েছে দক্ষতা। তিনি রাজশাহী বিশ্ববিদ্যালয়ের নিউক্লিয়ার ফিজিক্স গ্রুপের সদস্য।

মানুষ গড়ার কারিগর হিসেবে ছোট কাল থেকেই নিজেকে প্রস্তুত করেছেন, তাই শিক্ষকতার মহান পেশাকে বেছে নিয়েছেন ড. প্রীতম। শিক্ষার্থীদের কাছে অতিপ্রিয় ড. প্রীতমের উদ্দেশ্য শিক্ষার্থীদের প্রকৃত মানুষ হিসেবে গড়ে তোলা। প্রকৃত জ্ঞান বিতরণ করা। তার প্রিয় বিষয় মৌলিক বিজ্ঞান। ছাত্রবান্ধব এই শিক্ষক বিজ্ঞান শিক্ষাকে জনপ্রিয় করতে নানাবিধ কর্মসূচি পালন করে চলেছেন। মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী ড. প্রীতমের প্রিয় ব্যক্তিত্ব জাতির জনক হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান